

কলকাতা, শিলিগুড়ি, দুর্গাপুর থেকে একযোগে প্রকাশিত

গণশক্তি

১৪ বর্ষ, ৩৪৯তম সংখ্যা ■ কলকাতা, ১৯শে ডিসেম্বর, ২০০৯, ৩রা পৌষ, ১৪১৬, শনিবার ■ ৩ টাকা ৫০ পয়সা

প্যাকেজিং শিল্পের প্রস্তুতকারকদের সম্মেলন

নিজস্ব প্রতিনিধি : কলকাতা, ১৮ই ডিসেম্বর— শুক্রবার ফেডারেশন অব করগেটেড বক্স ম্যানুফ্যাকচারার্স অব ইন্ডিয়ার ৩৮তম বার্ষিক সম্মেলনের সূচনা হয় কলকাতায়। ইস্টার্ন ইন্ডিয়া করগেটেড বক্স ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশনের উদ্যোগে আয়োজিত এই সভার উদ্বোধন করেন ওয়েস্ট বেঙ্গল স্টাল ইন্ডাস্ট্রিজ ডেভেলপমেন্ট কর্পোরেশনের চেয়ারম্যান ও প্রাক্তন সাংসদ মইনুল হাসান। ভারতের বিভিন্ন রাজ্য থেকে সংগঠনের প্রতিনিধিরা এতে যোগ দেন। উপস্থিত ছিল প্যাকেজিং বা মোড়ক শিল্প ব্যবসার সঙ্গে যুক্ত বহুিক মহলও। মইনুল হাসান বলেন, করগেটেড শিল্পের সঙ্গে যুক্ত বহু ছোট ব্যবসায়ী ও উদ্যোগপতিদের স্বার্থেও পশ্চিমবঙ্গ সরকার যথাসাধ্য চেষ্টা করবে। কলকাতার প্রশংসা করে সভার চেয়ারম্যান বি ডি কোঠারি বলেন, পশ্চিমবঙ্গ সরকার এই শিল্প প্রসারের খুশি সহায়তা করছে। তাদের আরো সহযোগিতা কাম্য। সংগঠনের সভাপতি অনিল রেড্ডি বলেন, এক্সাইজ ডিউটির ক্ষেত্রে ভারত সরকারের তেমন সহযোগিতা পাওয়া যাচ্ছে না। এদিনের সম্মেলনে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন হেমন্ত সারোগী, রামগোপাল আগরওয়াল প্রমুখ।